বহুবিকল্পভিত্তিক প্রশ্নাবলির (MCQ) এবং সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্নাবলির (SAQ) উত্তর, উত্তরপত্রে প্রদত্ত নির্দিষ্ট ছাপানো TABLE-এ লিখতে হবে।

( বহুবিকল্পভিত্তিক প্রশ্নাবলি )

1. প্রতিটি প্রশ্নের বিকল্প উত্তরগুলির মধ্যে থেকে সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো :

$1 \times 24 = 24$

(i) ঠাণ্ডা লড়াইকে 'যুদ্ধের এক নয়া কৌশল' বলেছেন —

(a) ফ্রিডম্যান (b) বার্নেট

(c) ফ্রাঙ্কেল (d) ওয়াল্টার লিপম্যান।

(ii) 'দাতাঁত' একটি

(a) ফরাসি শব্দ (b) ল্যাটিন শব্দ

(c) গ্রিক শব্দ (d) ইংরেজি শব্দ।

(iii) SALT-II স্বাক্ষরিত হয় কোন্ সালে ?

(a) 1963 (b) 1968

(c) 1973 (d) 1979.



Scanned with ACE Scanner

(iv) "জাতীয় স্বার্থ হলো পররাষ্ট্রনীতির মুখ্য বিষয়" — কে বলেছেন ?

(a) কে. জে. হোলস্টি (b) জে. ফ্রাঙ্কেল

(c) পামার ও পারকিন্‌স (d) হ্যান্স জে. মর্গেনথাউ।

(v) সার্ক (SAARC)-এর স্থায়ী সচিবালয় অবস্থিত

(a) নয়া দিল্লিতে (b) ঢাকায়

(c) কাঠমান্ডুতে (d) কলম্বোতে।

(vi) কোন্ সালে ভারত ও পাকিস্তানের মধ্যে 'লাহোর ঘোষণাপত্র' স্বাক্ষরিত হয় ?

(a) 1995 (b) 1997

(c) 1998 (d) 1999.

(vii) নিরাপত্তা পরিষদের অস্থায়ী সদস্যদের সংখ্যা হলো

(a) 6 (b) 8

(c) 9 (d) 10.

(viii) অর্থনৈতিক ও সামাজিক পরিষদের কত অংশ সদস্য প্রতি বছর অবসর নেন ?

(a) এক-তৃতীয়াংশ (b) দুই-তৃতীয়াংশ

(c) অর্ধেক (d) এদের কোনোটিই নয়।



Scanned with ACE Scanner

(ix) সম্মিলিত জাতিপুঞ্জের 193 তম সদস্য রাষ্ট্র হলো

(a) বুরুন্ডি (b) ক্যামেরুন

(c) পূর্ব তিমুর (d) দক্ষিণ সুদান।

(x) আন্তর্জাতিক আদালতের বিচারপতিদের কার্যকাল হলো

(a) 2 বছর (b) 5 বছর

(c) 7 বছর (d) 9 বছর।

(xi) এককক্ষবিশিষ্ট আইনসভার একজন সমর্থক হলেন

(a) বেন্থাম (b) লর্ড ব্রাইস

(c) জন স্টুয়ার্ট মিল (d) হেনরি মেইন।

(xii) সবচেয়ে ক্ষমতাশালী বিচারবিভাগ রয়েছে

(a) ব্রিটেনে (b) ভারতে

(c) মার্কিন যুক্তরাষ্ট্রে (d) চিনে।

(xiii) ব্রিটেনের আইনসভার উচ্চ কক্ষের নাম হলো

(a) লর্ডসভা (b) কমন্স সভা

(c) সেনেট (d) জনপ্রতিনিধি সভা।



Scanned with ACE Scanner

(xiv) একক পরিচালকের একটি উদাহরণ হলো

(a) মার্কিন যুক্তরাষ্ট্রের রাষ্ট্রপতি

(b) সুইজারল্যান্ডের যুক্তরাষ্ট্রীয় সরকার

(c) ভারতের রাষ্ট্রপতি

(d) ব্রিটেনের রাজা বা রানি।

(xv) 'Commentaries on the Laws of England' — বইটি কার লেখা ?

(a) হ্যারিংটন (b) ব্ল্যাকস্টোন

(c) বেঞ্জামিন ফ্রাঙ্কলিন (d) আর. এম. ম্যাকাইভার।

(xvi) "পার্লামেন্ট একটি খেলার বস্তু" — কে বলেছেন ?

(a) বেনিটো মুসোলিনী (b) এডল্‌ফ হিটলার

(c) ফ্রাঙ্কলিন রুজভেল্ট (d) যোসেফ স্ট্যালিন।

(xvii) ভারতের প্রথম মহিলা রাষ্ট্রপতি হলেন

(a) দ্রৌপদী মুর্মু (b) প্রতিভা পাটিল

(c) সরোজিনী নাইডু (d) ইন্দিরা গান্ধী।

(xviii) পার্লামেন্টের সদস্য না হয়েও কেন্দ্রীয় মন্ত্রীসভার সদস্য থাকা যায়

(a) 1 মাস (b) 6 মাস

(c) 1 বছর (d) 5 বছর।



Scanned with ACE Scanner

(xix) অর্থবিলকে রাজ্যসভা আটকে রাখতে পারে সর্বাধিক

(a) 7 দিন (b) 14 দিন

(c) 1 মাস (d) 6 মাস।

(xx) লোকসভার প্রথম স্পিকার কে ছিলেন ?

(a) জি. ভি. মভলঙ্কর (b) মীরা কুমার

(c) সুকুমার সেন (d) সোমনাথ চ্যাটার্জী।

(xxi) পঞ্চায়েত ব্যবস্থায় তপশিলী জাতি, উপজাতি ও মহিলাদের জন্য আসন সংরক্ষণের ব্যবস্থা করা হয় ............ সংশোধনী আইন অনুসারে।

(a) 70 তম (b) 71 তম

(c) 72 তম (d) 73 তম ।

(xxii) স–পরিষদ মেয়রের সদস্য সংখ্যা কত ?

(a) 10 জন (b) 12 জন

(c) 15 জন (d) 20 জন।



Scanned with ACE Scanner

(xxiii) গ্রাম পঞ্চায়েতের প্রধান তাঁর পদত্যাগ পত্র পেশ করেন

(a) মুখ্যমন্ত্রীর কাছে

(b) মহকুমা শাসকের কাছে

(c) জেলা শাসকের কাছে

(d) ব্লক উন্নয়ন আধিকারিকের কাছে।

(xxiv) কলকাতা পৌর নিগমের নির্বাচিত সদস্যদের বলা হয়

(a) অল্ডারম্যান

(b) কমিশনার

(c) মেয়র

(d) কাউন্সিলার।

( সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্নাবলি )

2. নিম্নলিখিত প্রশ্নগুলির অতি সংক্ষিপ্ত উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) :

$1 \times 16 = 16$

(i) কোন্ সম্মেলনের মাধ্যমে ঠাণ্ডা লড়াইয়ের সূত্রপাত ঘটে ?

অথবা

ট্রুম্যান নীতি কবে ঘোষিত হয় ?

(ii) SEATO কথাটির পূর্ণ রূপ কী ?

অথবা

পেরেস্ত্রৈকা কী ?

(iii) বেলগ্রেড সম্মেলন কবে অনুষ্ঠিত হয় ?

(iv) ভারতের বিদেশনীতির প্রধান স্তম্ভ কী ?

অথবা

সিমলা চুক্তি কেন সম্পাদিত হয়েছিল ?

(v) ভারতের পরমাণু নীতির মূল কথা কী ? NO first

(vi) 'BRICS' কী ?

অথবা

গুজরাল নীতি কার সৃষ্টি ?

(vii) সম্মিলিত জাতিপুঞ্জের যৌথ নিরাপত্তা নীতি কী ?

(viii) সম্মিলিত জাতিপুঞ্জের সাধারণ সভার অধিবেশন প্রতি বছর কতবার অনুষ্ঠিত হয় ?

অথবা

কাকে 'রাষ্ট্রসংঘের দূত' বলা হয় ?

(ix) ইউনেস্কো (UNESCO)-র প্রধান উদ্দেশ্য কী ?

অথবা

ILO-র পূর্ণ রূপ কী ?



Scanned with ACE Scanner

(x) জাতিপুঞ্জের যে-কোনো একটি দুর্বলতা উল্লেখ করো।

(xi) 'অর্পিত ক্ষমতাপ্রসূত আইন' কী ?

অথবা

আমলাতন্ত্রের যে-কোনো দুটি গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য চিহ্নিত করো।

(xii) দ্বিকক্ষবিশিষ্ট আইনসভার পক্ষে একটি যুক্তি দাও।

(xiii) লোকসভায় রাষ্ট্রপতি কতজন ইঙ্গ-ভারতীয় সদস্যকে মনোনীত করতে পারেন ?

অথবা

ভারতের রাষ্ট্রপতি কোন্ পদ্ধতিতে পদচ্যুত হন ?

(xiv) রাজ্য মন্ত্রীসভা কার কাছে দায়বদ্ধ থাকে ?

(xv) জেলা পরিষদের দুটি প্রধান আয়ের উৎস লেখো।

অথবা

জেলা পরিষদের যে-কোনো দুটি স্থায়ী সমিতির উল্লেখ করো।

(xvi) বরো কমিটি কী ?



Scanned with ACE Scanner

( বিষয়ভিত্তিক / বর্ণনামূলক প্রশ্নাবলি )

3. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) : 8 × 5 = 40

(i) আন্তর্জাতিক সম্পর্কের সংজ্ঞা দাও। আন্তর্জাতিক সম্পর্কের বিকাশের ধারাটি সংক্ষেপে আলোচনা করো। 2 + 6

অথবা

'আন্তর্জাতিক সম্পর্ক' ও 'আন্তর্জাতিক রাজনীতির' মধ্যে পার্থক্য আলোচনা করো। 8

(ii) মার্কসের 'ঐতিহাসিক বস্তুবাদ' তত্ত্বটি আলোচনা করো। 8

অথবা

গান্ধিজির রাষ্ট্র সম্পর্কিত ধারণাটির উপর একটি টীকা লেখো। 8

(iii) ভারতের প্রধানমন্ত্রীর ক্ষমতা ও কার্যাবলি আলোচনা করো। 8

অথবা

ভারতের কোনো একটি অঙ্গরাজ্যের রাজ্যপালের ক্ষমতা ও পদমর্যাদা আলোচনা করো। 8



Scanned with ACE Scanner

(iv) ভারতের পার্লামেন্টের উভয় কক্ষের সম্পর্ক ব্যাখ্যা করো। 8

**অথবা**

লোকসভার অধ্যক্ষের ক্ষমতা ও কার্যাবলি বিশ্লেষণ করো। 8

(v) ভারতের কোনো একটি অঙ্গরাজ্যের হাইকোর্টের গঠন ও কার্যাবলির উপর একটি টীকা লেখো। 8



Scanned with ACE Scanner